

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্প
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, (২য় ব্লক, ৫ম তলা), ঢাকা - ১০০০।

স্মারক নং- মাশিউপ্র/পিআইইউ/৬১/২০১৬/১২০(১৮৭)

তারিখ : ০৭/০৫/২০১৯ খ্রি.

বিষয় : মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় প্রকল্পের ২০১৯ সালের জানুয়ারী-জুন কিস্তি উপবৃত্তির জন্য নতুন শিক্ষার্থীদের প্রকল্পভুক্তির আবেদনের নিবন্ধন তালিকার (Students Application Register (SAR) খসড়া প্রিন্ট আউট যাচাই ও সংশোধন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের জানুয়ারী-জুন কিস্তির উপবৃত্তির জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস থেকে প্রেরিত SESF-1 (SACF) ফরমসমূহে লিপিবদ্ধ তথ্যের ভিত্তিতে SAR খসড়া প্রিন্ট আউট প্রস্তুত করা হয়েছে। নিম্নলিখিত বিভাগের পার্শ্বে বর্ণিত তারিখ ও সময়ে প্রকল্পের কেন্দ্রীয় কার্যালয়ে উপস্থিত হয়ে উপজেলার সংশ্লিষ্ট কর্মকর্তা/প্রতিনিধিকে খসড়া SAR ভুল-ত্রুটির প্রয়োজনীয় সংশোধন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। SAR যাচাই করার সময় সংশ্লিষ্ট উপজেলার SESF-1 (SACF)-এর প্যাকেট/বস্তা সরবরাহ করা হবে। আপনি/উপযুক্ত প্রতিনিধি উপস্থিত থেকে SAR যাচাই ও সংশোধন করবেন। খসড়া প্রিন্ট আউটের কোন ভুল-ত্রুটি সংশোধন না করলে সে জন্য সকল দায়-দায়িত্ব আপনাকেই বহন করতে হবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কাম্য।

বিষয়টি অতিব জরুরী।

ক্রমিক নং	বিভাগের নাম	তারিখ	গময়
০১.	বরিশাল, রাজশাহী, সিলেট ও রংপুর	১৫/০৫/২০১৯ থেকে ২০/০৫/২০১৯ পর্যন্ত	সকাল-৯.৩০ ঘটিকা
০২.	ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও খুলনা	২১/০৫/২০১৯ থেকে ২৩/০৫/২০১৯ পর্যন্ত	সকাল-৯.০০ ঘটিকা

বিষয়টি অতিব জরুরী।

জনস্বার্থে এ আদেশ জারী করা হল।


(শরীফ মোর্তজা মামুন)
প্রকল্প পরিচালক

মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় প্রকল্প
ফোন: (০২) ৯৫৬৩৪১২

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

উপজেলা.....


জেলা.....

স্মারক নং- মাশিউপ্র/পিআইইউ/৬১/২০১৬/১২০(১৮৭)/১(৫০০)

তারিখ : ০৭/০৫/২০১৯ খ্রি.

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেওয়া হলঃ

- ১। সকল কর্মকর্তা, মাশিউপ্র, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ----- উপজেলা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, জেলা.....
- ৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ----- উপজেলা।
- ৬। প্রকল্প কর্মকর্তা (সকল), পিআইইউ, মাশিউপ্র, শিক্ষা ভবন, ঢাকা।
[বিভিন্ন বিভাগের দায়িত্ব প্রাপ্ত প্রকল্প কর্মকর্তাগণ নিজ নিজ এলাকাধীন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণের সাথে টেলিফোনে যোগাযোগের মাধ্যমে ঢাকায় এসে যাচাই ও সংশোধনের বিষয়টি নিশ্চিত করবেন।]
- ৭। প্রকল্প পরিচালকের ব্যক্তিগত সহকারী, মাশিউপ্র, শিক্ষা ভবন, ঢাকা।
- ৮। সংরক্ষণ নথি।


(মোঃ তৌফিক হারুন)
প্রকল্প কর্মকর্তা

মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় প্রকল্প
ফোনঃ ৯৫৬৩১৪১